



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩২০১২১৮৬৪১/জয়পুরহাট-৭১/৩ ৫৭৪/৬

তারিখ: ৫, কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ  
২২, অক্টোবর, ২০২০ খ্রি.

বিষয়: গভার্ণিং বডি বাতিলকরণ প্রসঙ্গে

- সূত্র: ১) নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩২০১২১৮৬৪১/জয়পুরহাট-৭১/৩৫৬২/৩; তারিখ: ২৪/০৯/২০২০ খ্রি.  
২) উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৪৩৩৮.৪৭.০০০.০৫.০৫৭.২০; তারিখ: ০৪/১০/২০২০ খ্রি.  
৩) নং- বামাশিবো/প্রশাসন/৩৩৩২০১২১৮৬৪১/জয়পুরহাট-৭১/৩৫৭২/৩; তারিখ: ১৫/১০/২০২০ খ্রি.


উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জয়পুরহাট জেলার সদর উপজেলাধীন ছোটাহার ধারকী আলিম মাদ্রাসার সভাপতির স্বেচ্ছারিতা এবং অনিয়মে বিরুদ্ধে গভার্ণিং বডির ০৮ (আট) জন সদস্যর মধ্যে ০৬ (ছয়) জন সদস্য অধ্যক্ষ জনাব মো: আনোয়ার হোসেন বরাবর পদত্যাগ দাখিল করেন। অধ্যক্ষ উক্ত পদত্যাগের কপিসহ অনলাইনে অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ১নং স্মারকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, সদর, জয়পুরহাট-কে পত্র প্রেরণ করা হয়।

তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ২নং স্মারকে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন। গভার্ণিং বডির পদত্যাগপত্র দাখিলকারী ০৬ (ছয়) জন সদস্যের পদত্যাগপত্র দাখিলের সত্যতা পাওয়া গেছে এবং তাদের পদত্যাগপত্র গ্রহণ করা যেতে পারে মর্মে তদন্তকারী কর্মকর্তা মতামত প্রদান করেছেন। প্রবিধানমালা-২০০৯ এর ৩৮(১) ধারা প্রয়োগের জন্য সুপারিশ করেছেন।

তদন্তকারী কর্মকর্তার মতামতের প্রেক্ষিতে গভার্ণিং বডি কেন ভেঙে দেয়া হবেনা তার সন্তোষজনক জবাব প্রেরণ করার জন্য সূত্রোক্ত ৩নং স্মারকে মাদ্রাসা প্রধানকে পত্র দেয়া হয়। নিয়মিত কমিটি ভেঙে দিয়ে প্রতিষ্ঠানের স্বার্থে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করলে প্রতিষ্ঠান প্রধানের কোন আপত্তি নেই মর্মে উল্লেখ করেছেন।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার মতামতের প্রেক্ষিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/ ৩২৮১৯১২১৮৬৪১/১৬৪৯৮/নথি নং-৭১; তারিখ: ১১/০২/২০১৯ খ্রি. স্মারকে অনুমোদিত গভার্ণিং বডি এতদ্বারা বাতিল করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
২২-১০-২০২০

মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

অধ্যক্ষ, ছোটাহার ধারকী আলিম মাদ্রাসা, সদর, জয়পুরহাট।

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩২০১২১৮৬৪১/জয়পুরহাট-৭১/

তারিখ: কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ  
অক্টোবর, ২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, জয়পুরহাট;
২. জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, জয়পুরহাট;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, জয়পুরহাট;
৫. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪